# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ৩. ৯. দাউদের অপরাধে নিষ্পাপ নবজাত শিশুকে হত্যা

ঈশ্বর নিজেই নিজের নিখুঁত আইন লঙ্ঘন করলেন। দাউদের অপরাধে নিষ্পাপ ৭ দিনের শিশুকে হত্যা করেন। দাউদ উরিয়ার স্ত্রী বেৎশেবা (Bathsheba)-কে ধর্ষণ করলে তিনি গর্ভবতী হন। পরে দাউদ উরিয়াকে হত্যা করে বেৎশেবাকে বিবাহ করেন। বেৎসেবা সন্তানটা প্রসব করার ৭ দিন পরে ঈশ্বর শিশুটাকে হত্যা করেন। পিতামাতার অপরাধে শিশুকে হত্যা (২ শমূয়েল ১৩/১-১৮)। ঈশ্বরের বিধান অনুসারে দাউদ কয়েকটা মৃত্যুদণ্ডযোগ্য পাপ করেন। ঈশ্বরই বললেন, পিতার জন্য পুত্রকে ধরা হবে না (যিহিষ্কেল ১৮/২০); অথচ তিনিই পিতার অপরাধে পুত্রকে হত্যা করলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14261

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন